দৈনিক বাংলা

তারিখ 10 DEC 1988
পৃষ্ঠা ... ১ কলাম ... 4

018

# মেডিক্যাল ভার্সিটি হবেঃ মতিন

স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন, স্বাস্থ্য শিক্ষা শীঘ্রই একটি স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হবে। এ ব্যাপারে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় অর্ডিন্যান্স জারী করবে।

তিনি শুক্রবার রাতে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস মিলনায়তনে বাংলাদেশ প্রাইভেট মেডিক্যাল প্র্যাকটিশনার্স আসোসিয়েশনের অভিষেক ও শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধান অতি

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মতিন

(১-এর পৃঃ পর)

থির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

উপপ্রধানমন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার জনগণের অন্যতম মৌলিক চাহিদা স্বাস্থ্য-ব্যবস্থা নিশ্চিত করতে বদ্ধপরিকর ও অতীতের অন্য যে-কোন সরকারের তুলনায় অধিক আন্তরিক। তিনি বলেন, সরকারী কার্যক্রমে বেসরকারী চিকিৎসকদের সহযোগিতা ও সহায়তা যোগ্য স্বীকৃতি ও পৃষ্ঠপোষকতা থেকে কখনো বঞ্চিত হবে না।

বিশেষ অতিথির ভাষণে পূর্ত মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, সরকারের বিঘোষিত নীতি ২০০০ সালের মধ্যে সবার জন্য স্বাস্থ্য নিশ্চিত করা বেসরকারী চিকিৎকদের আন্তরিক অবদানের ওপর বিপুলভাবে নির্ভরশীল। তিনি আর্ত মানবতার প্রতি নিঃস্বার্থ সেবার নজীর দৃষ্টান্ত স্থাপনে এগিয়ে আসার জন্য তাদের প্রতি আহবান জানান।

ডাঃ আজিজুর রহমানের সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডাঃ এম এ জলিল ও ডাঃ মুজিবুল হক।